দৈনিক বাংলা

তারিখ ... 22. 1. 83 ...
পৃষ্ঠা ... কলাম ...

002

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জরীপ চলছে

বর্তমানে দেশব্যাপী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জরীপের কাজ পুরোদমে এগিয়ে চলেছে। জরীপে নিয়োজিত ছাত্র ও শিক্ষকরা ইতিমধ্যে বহুসংখ্যক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জরীপ কাজ সমাধা করেছেন।

গত মাসের মাঝামাঝি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরীপের কাজ শুরু হয়। জরীপে ৫১৬ জন এইচএসসি পাস মেধাবী ছাত্র ও ৭১ জন কলেজ শিক্ষককে নিয়োগ করা হয়। ছাত্ররা কলেজ শিক্ষকদের তত্ত্বাবধানে দেশের প্রায় সাড়ে বার হাজার বেসরকারী স্কুল, মাদ্রাসার বর্তমান অবস্থা সম্পর্কে জরীপ এবং প্রায় ১ লক্ষ ৫০ হাজার শিক্ষাবিদ ও শিক্ষা পেশায় নিয়োজিত ব্যক্তিদের সম্পর্কে তথ্য ও পরিসংখ্যান সংগ্রহ করবেন। তাদের সংগৃহীত জরীপ তথ্যসমূহ সরকারকে শিক্ষা ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি নির্ধারণে সাহায্য করবে।

ইতিপূর্বে জরীপে অংশ গ্রহণকারী ছাত্র ও শিক্ষকদের এ ব্যাপারে ঢাকা টিচার্স ট্রেনিং কলেজে বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রশিক্ষণ দেয়া হয়। ছাত্রদেরকে জরীপের ব্যয় নির্বাহের জন্য মাথা পিছু ৫ হাজার টাকা প্রদান করা হবে। খবর তথ্য বিবরণীর।